সমকাল

তারিখ ..07 FEB 2016...
পৃষ্ঠা ...৬... কলাম.....৪.....

# ঈশ্বরগঞ্জ কলেজ অধ্যক্ষের কার্যালয়ে ছাত্রলীগের তালা

■ ঈশ্বরগঞ্জ (ময়মনসিংহ) প্রতিনিধি
ঈশ্বরগঞ্জ কলেজের অধ্যক্ষের কার্যালয়ে তালা ঝুলিয়ে তাকে অবরুদ্ধ করে রেখে শনিবার বিক্ষোভ করেছে স্থানীয় ছাত্রলীগ। সাবেক এমপি আবদুছ ছাত্তার কলেজের পরিচালনা কমিটির ফের সভাপতি হওয়ায় তাকে অবাঞ্ছিত ঘোষণা করে এবং কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ তুলে অধ্যক্ষের কার্যালয়ে তালা ঝুলিয়ে দেয় ছাত্রলীগ।

কলেজ পরিচালনা কমিটির সভাপতি কেন্দ্রীয় আওয়ামী লীগের শিল্পবিষয়ক সম্পাদক ও সাবেক এমপি আবদুছ ছাত্তার গত সেপ্টেম্বরে কলেজে শিক্ষক নিয়োগ দেওয়ার চেষ্টা করেন। নিয়োগ-বাণিজ্যের অভিযোগ তুলে পরিচালনা কমিটির কয়েক সদস্য ও উপজেলা ছাত্রলীগের নেতাকর্মীরা নিয়োগ পরীক্ষায় বাধা দেন। ওই অবস্থায় দুই গ্রুপ সংঘর্ষে জড়িয়ে পড়লে নিয়োগ পরীক্ষাটি স্থগিত করা হয়। এর মধ্যে কলেজের পরিচালনা কমিটির মেয়াদ শেষ হওয়ায় নির্বাচন শেষে নতুন সভাপতি হিসেবে ফের দায়িত্বপান সাবেক এমপি আবদুছ ছাত্তার।

এদিকে সাবেক এমপি আবদুছ ছাত্তার কলেজে প্রবেশ করছেন এমন খবরে শনিবার সকালে কলেজে অবস্থান নেয় উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক হাসান মাহমুদের নেতৃত্বে ছাত্রলীগের কর্মীরা। এ সময় তারা কলেজের প্রধান ফটকে তালা ঝুলিয়ে দেন। বেলা ১১টার দিকে অধ্যক্ষের কার্যালয়ে অধ্যক্ষ রফিকুল ইসলাম খানসহ অন্যরা ভেতরে থাকা অবস্থায় ছাত্রলীগ কর্মীরা কার্যালয়ে তালা ঝুলিয়ে দেয়। পরে পুলিশ গিয়ে তাদের মুক্ত করে।